

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৫২৬  
আগরতলা, ২৮ মার্চ, ২০২১

### ইন্টেলেকচুয়াল প্রোপার্টি রাইটসের উপর ওয়েবিনার

এম এস এম ই-ডি আই, আগরতলা ও আই পি এফ সি, ত্রিপুরা এবং বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের যৌথ উদ্যোগে গত ২০ মার্চ ইন্টেলেকচুয়াল প্রোপার্টি রাইটসের উপর একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারে প্রধান বক্তা হিসেবে ছিলেন কলকাতার ইন্ডিয়ান পেটেন্ট অফিসের অ্যাসিস্টেন্ট কন্ট্রোলার ড. অরুণ কুমার প্রধান এবং কলকাতার ট্রেডমার্ক রেজিস্ট্রি অফিসের সিনিয়র এক্সামিনার দেবাজ্ঞন চক্রবর্তী। ওয়েবিনারের মূল বিষয়বস্তু ছিলো ট্রেডমার্ক এবং জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন সম্পর্কিত বিষয়ের উপর আলোচনা ও মতবিনিময়। বিভিন্ন মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, কারিগরি সংস্থা থেকে অনেক ছাত্রছাত্রী, শিক্ষক, স্কলার এবং উদ্যোগীরা এই ওয়েবিনারে অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*